

## 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২২৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৩৮]

- ৭. কিতাবৃত তায়াম্মুম (كتاب التيمي)
- পরিচ্ছেদঃ তায়াম্মুমকারী মাটিতে হাত মেরে হাতে ফুঁ দিবে কি?

باب الْمُتَيَمِّمُ هَلْ يَنْفُخُ فِيهِمَا

## আরবী

الله عَنْ عَمَّارِ بْنِ يَاسِرٍ أَنَّه قَالَ لِعُمَرَ بْنِ الْخَطَّابِ: أَمَا تَذْكُرُ أَنَّا كُنَّا فِي سَفَرٍ أَنَا وَأَمَّا أَنَا فَتَمَعَّكْتُ فَصَلَّيْتُ، فَذَكَرْتُ لِلنَّبِيِّ، فَقَالَ النَّبِيُّ إِنَّمَا وَأَنْتَ، فَأَمَّا أَنْ فَتَمَعَّكْتُ فَصلَّيْتُ، فَذَكَرْتُ لِلنَّبِيِّ، فَقَالَ النَّبِيُّ إِنَّمَا كَانَ يَكْفِيكَ هَكَذَا. فَضَرَبَ النَّبِيُّ بِكَفَّيْهِ الأَرْضَ، وَنَفَخَ فِيهِمَا، ثُمَّ مَسَحَ بِهِمَا وَجْهَهُ وَكَفَيْهِ؟ (بخارى: اللَّهِ عَلَى اللَّهُ الْأَرْضَ، وَنَفَخَ فِيهِمَا، ثُمَّ مَسَحَ بِهِمَا وَجْهَهُ وَكَفَيْهِ؟

## বাংলা

২২৩) আম্মার বিন ইয়াসির (রাঃ) হতে বর্ণিত, তিনি উমার বিন খাত্তাব (রাঃ)কে বললেনঃ আপনার কি মনে আছে আমি এবং আপনি একদা কোন এক সফরে ছিলাম? আমরা উভয়েই রাত্রে অপবিত্র হয়ে গিয়েছিলাম। পবিত্রতা অর্জনের জন্য পানি না পাওয়ার কারণে আপনি নামায পড়েননি। আমি মাটিতে গড়াগড়ি দিয়ে নামায আদায় করলাম। পরবর্তীতে ঘটনাটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে বর্ণনা করা হলে তিনি আমাকে তায়াম্মুমের নিয়ম শিক্ষা দিতে গিয়ে মাটিতে হাত মেরে বললেনঃ তোমার তো এরূপ করাই যথেষ্ট ছিল। এ বলে তিনি দু'হাত যমীনে মারলেন এবং তাতে ফুঁ দিলেন। অতঃপর তাঁর মুখমণ্ডল এবং উভয় হাত কজি পর্যন্ত মাসেহ করলেন।

টিকাঃ তায়াম্মুমের জন্য মাত্র একবার হাত মারা ও কব্ধি পর্যন্ত মাসেহ করাই সঠিক পদ্ধতি। কেননা অন্য যে হাদীছে দু'বার হাত মারার ও কনুই পর্যন্ত মাসেহ করার কথা এসেছে, তা বিশুদ্ধ নয়।

## **English**

Can a person blow off the dust from his hands in performing Tayammum (before passing them over his face)

Narrated `Abdur Rahman bin Abza [??]:

A man came to `Umar bin Al-Khattab and said, "I became Junub but no water



was available." `Ammar bin Yasir said to `Umar, "Do you remember that you and I (became Junub while both of us) were together on a journey and you didn't pray but I rolled myself on the ground and prayed? I informed the Prophet (ﷺ) about it and he said, 'It would have been sufficient for you to do like this.' The Prophet then stroked lightly the earth with his hands and then blew off the dust and passed his hands over his face and hands."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আম্মার ইবনু ইয়াসির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন